

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
(প্রশিক্ষণ ও শৃঙ্খলা)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৭.০৩.০৩১.২০১৪ -৩১১

তারিখ- ০৮/১০/২০১৭ খ্রিঃ


বিষয়ঃ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত কোর্সে ই-মিউটেশন বিষয়ক মডিউল অন্তর্ভুক্তকরণ।

সূত্রঃ এটুআই প্রোগ্রাম, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকার স্মারক নং: ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭-২৬৯২, তারিখ: ২৬/০৯/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন(এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে তৈরি ই-মিউটেশন সিস্টেম বর্তমানে ১১২টি উপজেলার বাস্তবায়নধীন রয়েছে। উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের কর্মচারীগণ ই-মিউটেশন সিস্টেমের মাধ্যমে সহজে, দ্রুততম সময়ে ও নির্ভুলভাবে অনলাইন নামজারি কার্যক্রম (অনলাইনে আবেদন গ্রহণ, ট্র্যাকিং ও প্রসেসিং, অনলাইন পেমেন্ট, স্বয়ংক্রিয় অর্ডার শিট/নোটিফিকেশন/খতিয়ান প্রস্তুত, ডিসিআর প্রদান ও স্বয়ংক্রিয় রেজিস্টার প্রস্তুত) সম্পন্ন করতে পারেন। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নবনিযুক্ত সহকারী কমিশনার(ভূমি)গণ ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকেন বিধায় ই-মিউটেশন সিস্টেমের বিষয়ে উক্ত কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হলে ই-মিউটেশন বাস্তবায়নে নিঃসন্দেহে গতি সম্ভারিত হবে।

০২। এমতাবস্থায়, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রমের আধুনিকায়নে যুগোপযোগী মডিউল প্রণয়নের লক্ষ্যে ইতঃপূর্বে গঠিত কমিটিতে ই-মিউটেশন সংক্রান্ত বিষয়টি আলোচনাপূর্বক এটুআই প্রোগ্রামের সহযোগিতা নিয়ে ই-মিউটেশন সংক্রান্ত বিষয়টি মডিউলে অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতৎসঙ্গে সূত্রোক্ত পত্রের একটি অনুলিপিও প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১(এক) ফর্দ।


(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯২৫৩
ফ্যাক্স: ৯৫৪০৮৮৩


পরিচালক
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
৩/এ, নীলক্ষেত্র, কাটাবন ঢাল, ঢাকা

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৭.০৩.০৩১.২০১৪-৩১১/১(৫)

তারিখ- ০৮/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

- ০১। যুগ্ম সচিব(প্রশাসন), ভূমি মন্ত্রণালয়।
- ০২। মহাপরিচালক(প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম।
- ০৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৬। মাস্টার কপি।
- ০৭। অফিস কপি।


(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)
উপসচিব